শহরে র্যাবের অভিযান, মাদক ব্যবসায়ী গ্রেফতার

র্যাবের হাতে আটক মাদক
ব্যবসায়ী তন্ময়

শুক্রবার (২৭ মে) সন্ধ্যা রাতে পাবনা শহরের রুপকথা গলিতে র্যাব-১২ অভিযান চালিয়ে ২৬ পিস ইয়াবা ট্যাবলেটসহ মোঃ তম্ময় হোসেন নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে ।

র্যাব-১২, পাবনা এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে র্যাব-১২, পাবনা গোপন সংবাদের ভিত্তিতে ডিএডি মোঃ মনোয়ার হোসেন এর নেতৃত্বে পাবনা শহরের রুপকথা গলিতে অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী মোঃ তম্ময় হোসেন (২১)কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত তম্ময়, দিলালপুর এলাকার তোফাজ্জল হোসেনের ছেলে। এ সময় তার কাছ ২৬ পিস ইয়াবা ট্যাবলেট, মাদক বিক্রয়লব্ধ নগদ ৩শ টাকা এবং ১টি মোবাইল ১টি সীমসহ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ইয়াবা ট্যাবলেটের ওজন ২.১৯১ গ্রাম এবং মূল্য অানুমানিক ১৩ হাজার টাকা।

উল্লেখ্য, তম্ময়ের বিরুদ্ধে দীর্ঘদিন যাবত এলাকায় অবৈধ মাদক ব্যবসার অভিযোগ করে আসছে এলাকবাসী। তার বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মাদক আইনে মামলা করা হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি